

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৬১

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচেছদঃ কাঁধ পর্যন্ত চুল এবং চুল রাখা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الْجُمَّةِ وَاتِّخَاذِ الشَّعَرِ

## আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الزِّنَادِ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنْتُ أَغْتَسِلُ أَنَا وَرَسُولُ اللَّهِ، صلى الله عليه وسلم مِنْ إِنَاءٍ وَاحِدٍ وَكَانَ لَهُ شَعْرٌ فَوْقَ الْجُمَّةِ وَدُونَ الْوَفْرَةِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ كُنْتُ أَغْتَسِلُ أَنَا وَرَسُولُ اللَّهِ هَذَا الْوَجْهِ . وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ كُنْتُ أَغْتَسِلُ أَنَا وَرَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ إِنَاءٍ وَاحِدٍ . وَلَمْ يَذْكُرُوا فِيهِ هَذَا الْحَرْفَ وَكَانَ لَهُ شَعْرٌ فَوْقَ الْجُمَّةِ وَدُونَ الْوَفْرَةِ . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي الزِّنَادِ ثِقَةٌ كَانَ مَالِكُ بْنُ أَنَسٍ يُوتِّقُهُ وَيَأْمُنُ بالْكُتَابَةِ عَنْهُ .

#### বাংলা

১৭৬১। হারাদ (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই পাত্র থেকে পানি নিয়ে গোসল করতাম। তাঁর চুল ছিল কাঁধের কিছু উপরে কিন্তু কানের লতি থেকে নীচে অর্থাৎ এতদনুসারে মাঝামাঝি। হাসান সহীহ, ইবনু মাজাহ ৬০৪, ৩৬৩৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৫৫ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি এই সূত্রে হাসান-গারীব-সহীহ। অন্য সূত্রে আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত আছে তিনি বলেন, আমি এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই পাত্র থেকে পানি নিয়ে গোসল করতাম। এখানে ''তাঁর চুল ছিল'' কথাটির উল্লেখ নাই। বর্ণনাকারী আবদুর রহমান ইবনু আবিয যিনাদ (রহঃ) এই বাক্যটির উল্লেখ করেছেন। আর তিনি ছিকা বা আস্থাযোগ্য এবং হাফিযুল হাদীস।

# **English**

### Narrated 'Aishah:



"I and the Messenger of Allah () would perform Ghusl using (water from) the same vessel. He had hair reaching above his shoulders and below his earlobes."

This Hadith is Hasan Sahih Gharib. [Abu 'Eisa said:] It has been reported from other routes that 'Aishah said: "I and the Messenger of Allah () would perform Ghusl using (water from) the same vessel." And the following statement is not mentioned in it: "He had hair reaching above his shoulders [and below his earlobes'."

It was only mentioned by 'Abdur-Rahman bin Abi Az-Zinad, and he is trustworthy, a Hafiz, and Malik bin Anas stated that he was trustworthy and ordered recording (Ahadith) from him.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান <u>দিন</u>